

# ফেসবুক লাইভে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন মেয়র আনিসুল হক

প্রকাশিত: ০১:৩৫ পিএম, ১১ মে ২০১৬



নাগরিকদের প্ল্যাটফর্ম 'আমরা ঢাকা'র ফেসবুক পেজে সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। বৃহস্পতিবার রাত ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত তিনি লাইভে থেকে দায়িত্ব গ্রহণের এক বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন নগরবাসীর সঙ্গে। পাশাপাশি নগর উন্নয়নে নাগরিকদের পরামর্শ, প্রত্যাশা, প্রশ্ন ও অভিযোগ শুনবেন ও জবাব দেবেন।

দেশে কোনো জনপ্রতিনিধির ক্ষেত্রে এটাই হবে প্রথম জবাবদিহিমূলক ওয়েবকাস্টিং। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের ইতিবাচক ও সফল প্রয়োগকে নগরবাসীর সামনে তুলে ধরতেই এই উদ্যোগ নিয়েছেন মেয়র আনিসুল হক।

বুধবার গণমাধ্যমে প্রেরিত এক বিজ্ঞপ্তিতে 'আমরা ঢাকা'র জ্যেষ্ঠ গবেষক মাহবুব রশিদ এসব তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৬ মে ২০১৫ ঢাকা উত্তরের মেয়র হিসেবে শপথ নেন আনিসুল হক। আর আনুষ্ঠানিকভাবে দ্বায়িত্বভার বুঝে নেন ১৪ মে। শুরু করেন নাগরিকদের জন্য সমাধান যাত্রা। মেয়র হিসেবে দ্বায়িত্ব পালনের এক বছর পূর্তি উপলক্ষে ১২ মে (বৃহস্পতিবার) রাত ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত তিনি লাইভে থেকে দায়িত্ব গ্রহণের এক বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন নগরবাসীর সঙ্গে।

আমরা ঢাকার ফেসবুক পেজ : [www.facebook.com/AmraDhaka](http://www.facebook.com/AmraDhaka)।

লাইভ ওয়েবকাস্টিংয়ে 'আমরা ঢাকা'কে পূর্ণ সহযোগিতা দেবে প্রচার অপেক্ষমাণ টেলিভিশন চ্যানেল 'নাগরিক'।